রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, ডিসেম্বর ২২, ২০১৯**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জাতীয় রাজস্ব বোর্ড**

**[ ভ্যাট বিভাগ ]**

**সাধারণ আদেশ**

তারিখ : ২০ অগ্রহায়ণ, ১৪২৬ বঙ্গাব্দ/০৫ ডিসেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ

**নং ২৫/মূসক/২০১৯**—মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর আওতায় আমদানি পর্যায়ে আগাম কর (AT) আহরণপূর্বক সংশ্লিষ্ট কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেটের (অতঃপর মূসক কমিশনারেট হিসাবে অবিহিত) রাজস্ব বিবরণীতে প্রদর্শণের ক্ষেত্রে জটিলতা পরীলক্ষিত হচ্ছে মর্মে জাতীয় রাজস্ব বোর্ড অবহিত হইয়াছে। উক্ত জটিলতা পরিহারের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হইল :

(ক) উক্ত আইন ও বিধিমালার আওতায় প্রতি মাসে আমদানিকৃত পণ্যের বিপরীতে আদায়কৃত আগাম কর (AT) এর তথ্যাদি সংশ্লিষ্ট কাস্টম হাউস বা শুল্ক স্টেশন উক্ত পণ্যের আমদানিকারক যেই মূসক কমিশনারেটে নিবন্ধিত সেই মূসক কমিশনারেটে পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে প্রেরণ করিবে;

(খ) বৃহৎ করদাতা ইউনিট-মূসক নিবন্ধন প্রদান করে না এবং ইহার অধিক্ষেত্র সারা দেশব্যাপী বিধায়, বৃহৎ করদাতা ইউনিট-মূসকভুক্ত প্রতিষ্ঠানের নিবন্ধন নম্বরসম্বলিত তালিকা সংরক্ষণ করিয়া এই সকল প্রতিষ্ঠানের বিপরীতে আদায়কৃত আগাম কর

সংক্রান্ত তথ্য সংশ্লিষ্ট কাস্টম হাউস বা শুল্ক স্টেশন পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে বৃহৎ করদাতা ইউনিটে প্রেরণ করিবে। এই লক্ষ্যে, কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট (মূসক) তাঁহার অধিক্ষেত্রভুক্ত প্রতিষ্ঠানের নাম, ঠিকানা, নিবন্ধন নম্বরসম্বলিত হালনাগাদ তালিকা সকল কাস্টম হাউস ও শুল্ক স্টেশনে প্রেরণ করিবে;

(গ) প্রত্যেক মূসক কমিশনারেট কাস্টম হাউস বা শুল্ক স্টেশন হইতে উহার অধিক্ষেত্রে নিবন্ধিত এমন আমদানিকারক হইতে আহরিত আগাম করের (AT) তথ্য সংগ্রহ করিয়া নিজ নিজ রাজস্ব বিবরণীতে প্রদর্শণ করিবে;

(ঘ) সংশ্লিষ্ট মূসক কমিশনারেট উক্ত আইন ও বিধিমালার আওতায় যথাযথ পদ্ধতি ও আইনি বিধি-বিধান অনুসরণপূর্বক প্রযোজ্য ক্ষেত্রে করদাতাদের অনুকূলে আগাম কর (AT) ফেরত প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে;

(ঙ) কাস্টম হাউস বা শুল্ক স্টেশন এই অর্থবছরের জুলাই, ২০১৯ মাস হইতে মাসভিত্তিক আগাম কর সংক্রান্ত রাজস্ব বিবরণী মূসক কমিশনারেটভিত্তিক আলাদা করিয়া সকল মূসক কমিশনারেটে রাজস্ব পরিসংখ্যান পুনর্বিন্যাসের লক্ষ্যে প্রেরণ করিবে। মূসক কমিশনারগণ কাস্টম হাউস বা শুল্ক স্টেশন হইতে প্রাপ্ত আগাম করের তথ্য রাজস্ব বিবরণীতে প্রদর্শণ করিয়া মহাপরিচালক, গবেষণা ও পরিসংখ্যান অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড বরাবরে প্রেরণ করিবে; এবং

(চ) মহাপরিচালক, গবেষণা ও পরিসংখ্যান প্রাপ্ত তথ্যের আলোকে রাজস্ব বিবরণী সংশোধনপূর্বক সংশোধিত রাজস্ব বিবরণী অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করিবে।

০২। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৮ক এ প্রদত্ত ক্ষমতাবলে এই আদেশ জারি করা হইল এবং এই আদেশ ০১ জুলাই, ২০১৯ খ্রিস্টাব্দ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**হাছান মুহম্মদ তারেক রিকাবদার**
প্রথম সচিব (মূসক নীতি)।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd